

বেসরকারি মেডিক্যাল ভর্তি, কাল এসএমএস পাঠানো শুরু

নিজস্ব
প্রতিবেদক

২২ জুন, ২০২৪
০৯:২২

শেয়ার

অ +

অ -



দেশের বেসরকারি মেডিক্যাল কলেজে ফাঁকা আসনে নতুন করে দেশি শিক্ষার্থীদের ভর্তির আবেদনপ্রক্রিয়া এরই মধ্যে শেষ হয়েছে। প্রাথমিকভাবে নির্বাচন শেষে ভর্তির জন্য চূড়ান্তভাবে মনোনীত শিক্ষার্থীদের মুঠোফোনে নিশ্চায়নের খুদে বার্তা (এসএমএস) পাঠানো শুরু হবে আগামীকাল রবিবার।

গতকাল শুক্রবার স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। এর আগে ১৩ জুন তারিখ নিশ্চায়ন এসএমএস পাঠানোর কথা জানানো হলেও তা হয়নি।

তাই পূর্বঘোষিত তারিখ পরিবর্তন করে নতুন এই তারিখ ঘোষণা করা হলো।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ২০২৩-২৪ শিক্ষাবর্ষে বেসরকারি মেডিক্যাল কলেজে এমবিবিএস কোর্সের শূন্য আসনে নিজ অর্থায়নে ভর্তীচ্ছু দেশি শিক্ষার্থীদের ফের অনলাইন আবেদন টেলিটকের মাধ্যমে এরই মধ্যে গ্রহণ করা হয়েছে। আগামী ২৩ জুন নির্বাচিত শিক্ষার্থীদের প্রাথমিক নির্বাচন শেষে নিশ্চায়নের জন্য এসএমএস পাঠানো হবে। এর আগের বিজ্ঞপ্তিতে কারিগরি ত্রুটির কারণে সব তারিখই পরিবর্তন হতে পারে বলেও সে সময় উল্লেখ করা হয়।